

স্মারক নং: ৩৪.০১.০০০০.০০৬.২০.১৬৭.২০০৮-৫২২

তারিখ: ২২/১০/২০২১ খ্রি.

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্র স্থাপন এবং ফেনী, রাজশাহী ও সিলেট যুব প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার, মেরামত ও আধুনিকীকরণ” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের আওতায় বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্রের জুলাই ২০২১ হতে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ০৩(তিন) মাসের কর্মকর্তা ও কর্মচারীদের সাকুল্য বেতন এর ব্যয় নির্বাহের জন্য মোট ছাড়কৃত ১১.৮০ লক্ষ (এগার লক্ষ আশি হাজার) টাকার স্থানীয় বিভাজন আদেশ জারি।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পত্র নং-৩৪.০০.০০০০.০৬০.১৪.০১৪.১৮-১৩২, তারিখ: ১৮ অক্টোবর, ২০২১ খ্রি:

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ৫(পাঁচ)টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জুলাই ২০২১ হতে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ০৩(তিন) মাসের কর্মকর্তা ও কর্মচারীদের সাকুল্য বেতন এর ব্যয় নির্বাহের জন্য ১৩৬০১০১-সচিবালয়ের ১২-বিশেষ কার্যক্রমের অধীন ১২০০০৯৩৩৬-সমাপ্ত উন্নয়ন প্রকল্প-এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে মোট ৮৯৮.০০ লক্ষ (আট কোটি আটাতানকই লক্ষ) টাকা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১৮ অক্টোবর ২০২১ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৬০.১৪.০১৪.১৮-১৩২ সংখ্যক স্মারকে নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়করণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করেছেন। মঞ্জুরি আদেশের ৪ নং ক্রমিকে বর্ণিত “বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্র স্থাপন এবং ফেনী, রাজশাহী ও সিলেট যুব প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার, মেরামত ও আধুনিকীকরণ” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের আওতায় বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্রের অনুকূলে মোট ১১.৮০ লক্ষ (এগার লক্ষ আশি হাজার) টাকা ছাড় করা হয়েছে। এ প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত ১১.৮০ লক্ষ (এগার লক্ষ আশি হাজার) টাকা কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের সাকুল্য বেতন-৩২১১০৯ কোডে ব্যয় নির্বাহের জন্য বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্রের অনুকূলে নিম্নোক্তভাবে স্থানীয় বিভাজন আদেশ জারি করা হলো:

(অংকসমূহ শতক টাকায়)

অর্থনৈতিক কোড নং	খাতওয়ারী বিবরণ	টাকার পরিমাণ
৩২১১০৯	সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত)	১১৮০০
	মোট =	১১৮০০

মোট = (এগার লক্ষ আশি হাজার) টাকা মাত্র

শর্তাবলী:

- ছাড়কৃত উক্ত অর্থ iBAS++ execution module-এর distribution option -এ এন্ট্রি করতে হবে। বিল ভাউচার দাখিলের মাধ্যমে হিসাব রক্ষণ কার্যালয় হতে সংশ্লিষ্ট খাতে ছাড়কৃত অর্থ উত্তোলন করতে হবে;
- বিভাজনে প্রদর্শিত একখাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না ;
- এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে ;
- এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;
- সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জন্য অনির্দিষ্টকাল ব্যয় নির্বাহ করা বিধি-সম্মত নয় বিধায় উক্ত সমাপ্ত প্রকল্পসমূহের বিপরীতে রাজস্বখাতে পদ সৃষ্টিসহ নিয়োগ প্রক্রিয়ার অগ্রগতি বিষয়ে বিস্তারিত তথ্য পরবর্তী প্রস্তাবের সাথে প্রদান করতে হবে;
- সাকুল্য মঞ্জুরি (সরকারি কর্মচারী ব্যতীত) খাতে অর্থ পরিশোধ প্রকল্পে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের রাজস্ব বাজেটে স্থানান্তরের নিশ্চয়তা হিসেবে গণ্য হবে না;
- পরবর্তী প্রস্তাবের সাথে কি কি বিষয়ে কতজনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার বিস্তারিত বিবরণী অবশ্যই প্রেরণ করতে হবে; এবং
- অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারি করে অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

২। চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১৩৬০১০১-সচিবালয়ের ১২-বিশেষ কার্যক্রমের অধীন ১২০০০৯৩৩৬-সমাপ্ত উন্নয়ন প্রকল্প খাতে বরাদ্দকৃত অর্থ হতে এ ব্যয় নির্বাহ করা হবে।

৩। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৪। মহাপরিচালকের অনুমোদনক্রমে এ বিভাজন আদেশ জারি করা হলো।

২২/১০/২১

মোঃ জাহাঙ্গীর আলম  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩

প্রাপক,


- ১। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
(যুব ও ক্রীড়া মন্ত্রণালয়), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। জেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া।

স্মারক নং: ৩৪.০১.০০০০.০০৬.২০.১৬৭.২০০৮- ৫৩২

তারিখ: ২৭/১০/২০২১ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক(প্রশিক্ষণ/পরিকল্পনা/বাস্তবায়ন/ দাঃবিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপ-সচিব(যুব-২ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব (বাজেট-২৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(আইবাস মডিউলে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদনের অনুরোধসহ)।
- ৮। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ৯। সহকারী পরিচালক, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস কপি।



(মোঃ ফজলুল হক)

সহকারী পরিচালক (অর্থ ও অডিট)